দৈনিক ইত্তেফাক 106

তারিখ 29 SEP 1990
পৃষ্ঠা 2 কলাম 2

# ক্যাম্পাসে সশস্ত্র তরুণদের মহড়া

(ইত্তেফাক রিপোর্ট)

ক্যাম্পাসে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে উত্তেজনা অব্যাহত রহিয়াছে। কলাভবন সংলগ্ন ৩টি হলে পুলিশের তল্লাশী সত্ত্বেও

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মহড়া

( ১ম পৃঃ পর )

ক্যাম্পাসে সশস্ত্র তরুণের মহড়া কমে নাই। গত বৃহস্পতিবার ডাকসু ভবনে ডাকসু সদস্য রফিকুল ইসলাম জগলু কতিপয় তরুণ কর্তৃক লাঞ্ছিত হওয়ার পর দুই গ্রুপের উত্তেজনা আরো বৃদ্ধি পাইয়াছে।

গতকাল (শুক্রবার) ডাকসুর জরুরী সভায় ক্যাম্পাসের সাম্প্রতিক পরিস্থিতিতে পুনরায় উদ্বেগ প্রকাশ করা হয়। ডাকসুর ভিপি আমান উল্লাহ আমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ডাকসুর সদস্য রফিকুল ইসলাম জগলু লাঞ্ছিত হওয়ার ঘটনায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করিয়া অবিলম্বে দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করা হয়। সভায় ১লা অক্টোবর ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশনে অনুষ্ঠিতব্য ছাত্র কনভেনশন সফল করিয়া তোলার জন্য সকল বিশ্ববিদ্যালয় ও কলেজ ছাত্র সংসদের নির্বাচিত প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান হয়। কনভেনশন সম্পর্কে মত বিনিময়ের জন্য ডাকসু নেতৃবৃন্দ আজ (শনিবার) ঢাকা সাংবাদিক ইউনিয়ন, কেন্দ্রীয় ৫ দল, শ্রমিক ইউনিয়ন নেতৃবৃন্দের সহিত পৃথকভাবে সাক্ষাৎ করিবে।

### মিলনের বক্তব্য

২৬শে সেপ্টেম্বর ডাকসু ভবনে সংঘটিত ঘটনা সম্পর্কে ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক ফজলুল হক মিলন এক বিবৃতিতে বলিয়াছেন, ছাত্রদলের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রের অংশ হিসাবে মদদপুষ্ট সশস্ত্র ব্যক্তিরা ঐদিন তাঁহার উপর চড়াও হয়। ২৫শে সেপ্টেম্বর ইত্তেফাকে প্রকাশিত ছাত্রদলের বিবৃতি প্রসঙ্গে বিবৃতিতে বলা হয়, বিবৃতিটি ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের সিদ্ধান্তক্রমেই প্রদান করা হইয়াছিল।